দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 AUG 2016 পৃষ্ঠা 4 কলাম 6

# কুড়িগ্রামে বিনামূল্যে বই জব্দ ॥ তদন্ত কমিটি

**স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম ॥** নাগেশ্বরীতে মাধ্যমিক শাখার চলতি বছরের বিনামূল্যে বিতরণের জন্য সরবরাহকৃত সরকারী সহস্রাধিক বই বিক্রি করেছেন প্রধান শিক্ষক। বইগুলো ক্রেতা ভ্যান গাড়িতে নিয়ে যাওয়ার সময় এলাকাবাসী আটক করে চেয়ারম্যানের জিম্মায় রেখে দিয়েছেন। এ ঘটনা এলাকায় উত্তেজনার সৃষ্টি হলে ঘটনাস্থল পরিদর্শন করে তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন উপজেলা নির্বাহী ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। এলাকাবাসী জানায়, মঙ্গলবার দুপুরে নাগেশ্বরী উপজেলার আলেপের তেথতিতে ভ্যানগাড়ি করে নিয়ে যাওয়ার সময় স্থানীয় লোকজন জানতে পারে বইগুলো সন্তোষপুর ইউনিয়নের সন্তোষপুর আদর্শ দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্বাছ আলী কেজি দরে বিক্রি করেছেন। পরে লোকজন বইগুলো আটক করে দেখতে পায় অধিকাংশ চলতি বছরের (শিক্ষা বছর ২০১৬) ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর বিভিন্ন বিষয়ের। বিষয়টি প্রধান শিক্ষককে জানালে তিনি বলেন স্কুলের কাজের জন্য টাকার দরকার এজন্য বই বিক্রি করা হয়েছে। বিষয়টি সন্তোষপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান লিয়াকত আলী লাকুকে জানালে তিনি ঘটনাস্থলে উপস্থিত হয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও নির্বাহী কর্মকর্তাকে জানালে তারা উপজেলা একাডেমিক সুপারভাইজার নিখিল চন্দ্র বর্মণকে ঘটনাস্থলে পাঠান। তিনি ঘটনাস্থলে গিয়ে জনগণের জব্দ করা বইগুলো তালিকা করে চেয়াম্যানের জিম্মায় রেখে আসেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জহুরুল হক বলেন, মঙ্গলবার সরেজমিন গিয়ে অভিভাবকসহ এলাকবাসীর সঙ্গে কথা বলে তিন সদস্যের তদন্ত কমিটি করা হয়েছে। সাতদিনের মধ্যে তদন্ত হয়ে গেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। নাগেশ্বরী উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু হায়াত মোঃ রহমতুল্লাহ বলেন, অভিভাবকসহ এলাকাবাসী আইনানুগ সমাধান চাচ্ছে। সেভাবে কমিটি করে দেয়া হয়েছে। প্রতিবেদন পেলে ব্যবস্থা নেয়া হবে।